

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd

তারিখঃ ০১ মার্চ ২০২২
১৬ ফাল্গুন ১৪২৮

প্রেস রিলিজ


UNCTAD Voluntary peer review on the Competition Act, 2012 এর ফ্যাক্টস ফাইন্ডিং এর অংশ হিসেবে ০১ মার্চ ২০২২ খ্রিঃ রোজ- মঙ্গলবার UNCTAD কর্তৃক নিযুক্ত ইন্ডিপেন্ডেন্ট কনসালটেন্ট Ms Leni Papa এবং ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের সদস্য Ms Elizabeth এর সঙ্গে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর একটি ভার্সিয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, বিজ্ঞ সদস্যমন্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ অংশ গ্রহণ করেন।

UNCTAD পরামর্শক Ms Leni Papa এবং Ms Elizabeth এর সঙ্গে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পাঁচ (০৫) টি বিভাগের (প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, এডভোকেসি, পলিসি ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, অনুসন্ধান ও তদন্ত বিভাগ, ব্যবসা-বাণিজ্য, অর্থনীতি ও গবেষণা বিভাগ এবং আইন ও বাস্তবায়ন বিভাগ) কার্যাবলী, সাংগঠনিক কাঠামো, অর্জন, সীমাবদ্ধতা, চ্যালেঞ্জ, ভবিষ্যত কর্মপরিকল্পনা এবং প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিষয়ে আলোচনা করা হয়।

কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন এবং জনাব নাসরিন বেগম স্ব স্ব বিভাগের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন। ব্যবসা-বাণিজ্য, অর্থনীতি ও গবেষণা বিভাগের পরিচালক জনাব মোঃ সালাহউদ্দিন আহাম্মদ, অনুসন্ধান ও তদন্ত বিভাগের পরিচালক জনাব এস. এম. তারিকুজ্জামান এবং প্রশাসন ও মানব সম্পদ বিভাগের উপপরিচালক জনাব মোঃ মাহবুব আলমও নিজ নিজ বিভাগের পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, বিজ্ঞ সদস্যবৃন্দ এবং কর্মকর্তাবৃন্দ UNCTAD এর পরামর্শকবৃন্দের নিকট বিভিন্ন বিষয়ে তাদের মতামত তুলে ধরেন।

UNCTAD এর পরামর্শক Ms Leni Papa প্রতিযোগিতা আইনের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে আগামী ২ মার্চ ২০২২ হতে ৯ মার্চ ২০২২ পর্যন্ত নিম্নে বর্ণিত সিডিউল অনুযায়ী ভার্সিয়ালি এবং স্ব-শরীরে মতবিনিময়ে অংশগ্রহণ করবেন।

তারিখ	দপ্তর /সংস্থা
২ মার্চ ২০২২	শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়
৩ মার্চ ২০২২	অর্থ মন্ত্রণালয়, এফবিসিসিআই, বিজনেজ প্রমোশন কাউন্সিল, জাতীয় ক্ষুদ্র কুটির শিল্প সংস্থা, পররাষ্ট্র মন্ত্রণালয়
৬ মার্চ ২০২২	অধ্যাপক শিবলী রুবায়েত উল ইসলাম, ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, মো: আজহার উদ্দিন ভূঁইয়া, প্রভাষক, BUP সহ অন্যান্য শিক্ষাবিদ, অন্যান্য বিজনেস চেম্বারস, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এবং
৭ মার্চ ২০২২	ন্যাশনাল এসএমই ডেভেলপমেন্ট কাউন্সিল/ ন্যাশনাল এসএমই টাস্কফোর্স, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, এসএমই ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, স্টার্ট আপ বাংলাদেশ।
৮ মার্চ ২০২২	বাংলাদেশ সিকিউরিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, বিটিআরসি, এসএমই ফাউন্ডেশন, বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভেলপমেন্ট অথরিটি।
৯মার্চ ২০২২	মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, বাংলাদেশ ব্যাংক- এসএমই ডিপার্টমেন্ট, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ, পররাষ্ট্র মন্ত্রণালয়।


(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২

ই-মেইল : shekhrubeldu@gmail.com